গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ ও বন মন্ত্রণালয়

[খসড়া]

পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০১৭

পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০১৭

সূচিপত্র

ক্রমিক নং	শিরোনাম	পৃষ্ঠা
১।	সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন	১
২।	সংজ্ঞা	১
৩।	ক্ষতিকর ধোঁয়া সৃষ্টিকারী ও স্বাস্থ্যহানিকর যানবাহন	২
৪।	পরিবেশ দূষণ বা অবক্ষয়জনিত ক্ষতির প্রতিকারের আবেদন ও প্রতিকার	২
৫।	নমুনা সংগ্রহের নোটিশ	২
৬।	অবস্থানগত ও পরিবেশগত ছাড়পত্র প্রদানের উদ্দেশ্যে শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের শ্রেণীবিন্যাস	২
৭।	অবস্থানগত ও পরিবেশগত ছাড়পত্র গ্রহণের বাধ্যবাধকতা	২
৮।	অবস্থানগত ও পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদনপত্র দাখিলের কার্যালয়	৩
৯।	অবস্থানগত ছাড়পত্র প্রদানের বিবেচ্য বিষয়সমূহ	৩
১০।	সবুজ শ্রেণীর অবস্থানগত ও পরিবেশগত ছাড়পত্র প্রদান পদ্ধতি	৩
১১।	হলুদ শ্রেণীর অবস্থানগত ও পরিবেশগত ছাড়পত্র প্রদান পদ্ধতি	৩
১২।	কমলা শ্রেণীর অবস্থানগত ও পরিবেশগত ছাড়পত্র প্রদান পদ্ধতি	৪
১৩।	লাল শ্রেণীর অবস্থানগত ও পরিবেশগত ছাড়পত্র প্রদান ও জনমত যাচাই পদ্ধতি	৪
১৪।	পরিবেশগত ছাড়পত্রের মেয়াদ	৫
১৫।	অবস্থানগত/পরিবেশগত ছাড়পত্র নবায়ন	৬
১৬।	ছাড়পত্র ব্যতিরেকে শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প পরিচালনার ক্ষেত্রে ব্যবস্থা গ্রহন	৬
১৭।	পরিবেশগত ছাড়পত্র কমিটির গঠন ও কর্মপরিধি	৬
১৮।	অবস্থানগত ও পরিবেশগত ছাড়পত্র হস্তান্তর	৭
১৯।	আপীল দায়ের	৭
২০।	আপীল কর্তৃপক্ষ কর্তৃক অনুসরণীয় পদ্ধতি	৭
২১।	আপীল শুনানী	৭
২২।	পরিবেশ নির্দেশিকা অনুসরণ	৮
২৩।	পরিবেশগত মানমাত্রা নির্ধারণ	৮
২৪।	বর্জ্য নিঃসরণ ও নির্গমনের মানমাত্রা নির্ধারণ	৮
২৫।	ছাড়পত্রের আবেদন প্রক্রিয়াকরণ ফি	৮
২৬।	পরিবেশগত ছাড়পত্র বা ছাড়পত্র নবায়ন ফি	৮
২৭।	বিভিন্ন সেবা ও উহার ফি	৮
২৮।	ফি প্রদানের পদ্ধতি	৮
২৯।	পরিবেশগত ক্ষয়ক্ষতি নিরূপণ ও ক্ষতিপূরণ আদায়	৮
৩০।	প্রাথমিক পরিবেশগত পরীক্ষণ (আইইই) সমীক্ষা, পরিবেশগত প্রভাব নিরূপণ (ইআইএ) সমীক্ষা, সামাজিক প্রভাব নিরূপন (এসআইএ), পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা (ইএমপি) প্রতিবেদন প্রণয়নের জন্য যোগ্য ব্যক্তি এবং সংস্থার তালিকাভুক্তি	৯
৩১।	রহিতকরণ ও হেফাজত	১০

ফরম-১ প্রতিকার প্রার্থনার আবেদনপত্র
ফরম-২ নমুনা সংগ্রহ সম্পর্কিত অভিপ্রায় নোটিশ
ফরম-৩ (ক) পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদনপত্র ('সবুজ' শ্রেণীভুক্ত প্রতিষ্ঠান বা প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য)
ফরম-৩ (খ) পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদনপত্র ('হলুদ' শ্রেণীভুক্ত প্রতিষ্ঠান বা প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য)
ফরম-৩ (গ) পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদনপত্র ('কমলা' শ্রেণীভুক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য)
ফরম-৩ (ঘ) পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদনপত্র ('লাল' শ্রেণীভুক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য)
ফরম-৪ শিল্প বা প্রকল্পের কার্যক্রম শুরুর অনুমতিপত্র
ফরম-৫ ছাড়পত্র নবায়নের আবেদনপত্র
তফসিল-১ পরিবেশের উপর প্রভাব বিস্তার ও অবস্থান অনুযায়ী বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের শ্রেণীবিভাগ
তফসিল-২ বায়ুর মানমাত্রা
তফসিল-৩ পানির মানমাত্রা
তফসিল-৪ মোটরযানজনিত নিঃসরণ মানমাত্রা
তফসিল-৫ যান্ত্রিক নৌযানজনিত নিঃসরণ মানমাত্রা
তপসিল-৬ ঘ্রাণ মানমাত্রা
তফসিল-৭ পয়ঃনির্গমন মানমাত্রা
তফসিল-৮ শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের বর্জ্য নির্গমনের মানমাত্রা
তফসিল-৯ শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের গ্যাসীয় নিঃসরণ মানমাত্রা
তফসিল-১০ শিল্প শ্রেণী ভিত্তিক বর্জ্য নিঃসরণ বা নির্গমনের মানমাত্রা
তফসিল-১১ পরিবেশগত ছাড়পত্র ইস্যু বা ছাড়পত্র নবায়ন ফি
তফসিল-১২ ছাড়পত্র আবেদন প্রক্রিয়াকরণ ফি
তফসিল-১৩ পরিবেশ অধিদপ্তর কর্তৃক পানি, তরলবর্জ্য, বায়ু ও শব্দের নমুনা বিশ্লেষণ এবং বিশ্লেষণজাত বিভিন্ন তথ্য বা উপাত্ত সরবরাহ সংক্রান্ত ফি
তফসিল-১৪শিল্প বা প্রকল্পের অবস্থান নির্ধারণ বিষয়ে পালনীয় শর্তাবলী
তফসিল-১৫ শিল্প কারখানা/ প্রকল্পের ইআইএ ও ইএমপি প্রতিবেদন তৈরীর নির্দেশিকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ ও বন মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ ঃ-.....বঙ্গাব্দ./.....খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং.....আইন/২০১৭ যেহেতু,বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নং আইন) প্রণয়নের পর হইতে বিভিন্ন সংশোধনী আনয়ন করা হইয়াছে, বিশেষত: ২০১০ সনের ৫০ নং আইনে উক্ত আইন ব্যাপকভাবে সংশোধন করা হইয়াছে;

সেহেতু, প্রয়োজনের নিরিখে নতুন ও যুগোপযোগী বিধিমালা প্রণয়ন করা সমীচীন ও আবশ্যকীয় বিবেচিত হওয়ায় পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ রহিত করিয়া তদস্থলে, বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নং আইন) এর ধারা ২০ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ-

১। **সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন**।-**(১)** এই বিধিমালা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০১৭ নামে অভিহিত হইবে;

(২) ইহা সমগ্র বাংলাদেশে প্রযোজ্য হইবে;

(৩) ইহা বাংলাদেশ গেজেটে প্রকাশের তারিখ হইতে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।-বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,

(অ)''অধিদপ্তর'' অর্থ আইনের ধারা ৩ উপ-ধারা (১) এর অধীন স্থাপিত পরিবেশ অধিদপ্তর;

(আ) ''আইন'' অর্থ বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নং আইন);

(ই) "আঞ্চলিক কার্যালয়" অর্থ বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে পরিবেশ অধিদপ্তরের আঞ্চলিক কার্যালয় নামে প্রতিষ্ঠিত কার্যালয়;

(ঈ)''আপীল কর্তৃপক্ষ'' অর্থ আইনের ধারা ১৪এবং বিধি ১৭ অনুসারে সরকার কর্তৃক গঠিত আপীল কর্তৃপক্ষ;

(উ)''জেলা কার্যালয়'' অর্থ জেলা পর্যায়ে প্রতিষ্ঠিত পরিবেশ অধিদপ্তরের কার্যালয়;

(ঊ) ''তফসিল'' অর্থ এই বিধিমালার তফসিল;

(ঋ) ''ধারা'' অর্থ আইনের যে কোন ধারা;

(এ)''প্রধান কার্যালয়'' অর্থ পরিবেশ অধিদপ্তরের প্রধান কার্যালয় যাহা বর্তমানে পরিবেশ ভবন, ই-১৬ আগারগাঁও, ঢাকা-১২০৭ ঠিকানায় অবস্থিত;

(ঐ) ''ফরম'' অর্থ এই বিধিমালার ফরম;

(ও) "বিভাগীয় কার্যালয়" অর্থ বাংলাদেশের প্রশাসনিক বিভাগে প্রতিষ্ঠিত পরিবেশ অধিদপ্তরের বিভাগীয় কার্যালয়;

(ঔ) "মহানগর কার্যালয়" অর্থ ঢাকা, চট্টগ্রাম, পরবর্তীতে দেশের অন্য কোন মহানগরে প্রতিষ্ঠিত পরিবেশ অধিদপ্তরের কার্যালয়;

(ক) "মহাপরিচালক" অর্থ আইনের ধারা ২(ড)-এ উল্লিখিত অধিদপ্তরের মহাপরিচালক;

(খ)''স্থিতিমাপ'' অর্থ মানমাত্রার চারিত্রিক বৈশিষ্ট্য;

(গ)''স্থানীয় কর্তৃপক্ষ'' অর্থ সংবিধানে ৫৯ অনুচ্ছেদের উদ্দেশ্য সাধনকল্পে গঠিত স্থানীয় সরকার কর্তৃপক্ষ;

(ঘ) "প্রকল্প" অর্থ নির্ধারিত সময়ে একটি নির্দিষ্ট লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে কোন পরিকল্পিত কাজ;

(ঙ) "পরিবেশগত প্রভাব নিরূপণ (ইআইএ)"অর্থ কোন প্রস্তাবিত প্রকল্প বা কার্যক্রমের সম্ভাব্য পরিবেশগত প্রভাব চিহ্নিতকরণ, পূর্বানুমান ও মূল্যায়নের একটি সুসংগঠিত প্রক্রিয়া;

(চ) "প্রাথমিক পরিবেশগত সমীক্ষা (আইইই)"অর্থ পরিবেশগত প্রভাব নিরূপণের লক্ষ্যে প্রাথমিক সমীক্ষা;

(ছ) "পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা (ইএমপি)"অর্থ পরিবেশগত প্রভাব প্রশমণ ও ব্যবস্থাপনা পরিকল্পনা;

(জ) "ব্যক্তি" অর্থ ব্যক্তি, কোম্পানী, সমিতি ও সংবিধিবদ্ধ অথবা অংশিদারী কারবারী সংস্থা অথবা উহাদের প্রতিনিধি এবং সরকারি প্রতিষ্ঠানও উহার অন্তর্ভুক্ত হইবে;

(ঝ) "বিধি" অর্থ এই বিধিমালার যে কোন বিধি;

(ঞ) "আবাসিক এলাকা" সরকার কিংবা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ঘোষিত আবাসিক এলাকা যেখানে কমপক্ষে ৫০ (পঞ্চাশ) টি পরিবার বসবাস করে।

৩। **ক্ষতিকর ধোঁয়া সৃষ্টিকারী ও স্বাস্থ্য হানিকর যানবাহন**।- তফসিল ৪ বা ক্ষেত্রমত তফসিল ৫-এ উল্লিখিত মানমাত্রা অতিক্রমকারী যানবাহন পরিবেশের জন্য ক্ষতিকর ধোঁয়া সৃষ্টিকারী বা স্বাস্থ্যহানিকর যানবাহন বলিয়া গণ্য হইবে।

৪। **পরিবেশ দূষণ বা অবক্ষয়জনিত ক্ষতির প্রতিকারের আবেদন ও প্রতিকার**।- (১) ধারা ৮ এর উপ-ধারা (১) এর বিধান মোতাবেক ক্ষতিগ্রস্ত অথবা সম্ভাব্য ক্ষতির আশংকাগ্রস্ত কোন ব্যক্তি অথবা অন্য কোন সংক্ষুব্ধ ব্যক্তি উক্ত ক্ষতি বা সম্ভাব্য ক্ষতির প্রতিকারের জন্য ফরম-১ অনুসারে মহা-পরিচালকের নিকটআবেদন করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) অনুসারে আবেদনপত্র প্রাপ্তির ১(এক) মাসের মধ্যে মহা-পরিচালক ধারা ৮এর উপ-ধারা (২) মোতাবেক গণশুনানীসহ যে কোন ব্যবস্থা গ্রহণেরমাধ্যমে আবেদন নিস্পত্তি করিবেন।

(৩) গণশুনানীর জন্য তারিখ, সময় ও স্থান উল্লেখপূর্বক অভিযোগকারী, অভিযুক্ত এবং সংশ্লিষ্ট সকল ব্যক্তিকে নোটিশ দ্বারা অবহিত করিতে হইবে।

(৪) নোটিশের শুনানীঃ

(ক) নির্ধারিত তারিখ, সময় ও স্থানে অভিযোগকারী হাজির না হইলে মহা-পরিচালক আবেদন খারিজের আদেশ দান করিবেন;
(খ) যদি অভিযোগকারী হাজির হয় কিন্তু প্রতিপক্ষ হাজির না হয় তবে মহা-পরিচালক এক তরফা আদেশ প্রদান করিবেন;

(গ) যদি উপ-বিধি ৪(ক) অনুযায়ী আবেদন খারিজ হয় তবে আবেদনকারী উক্ত খারিজের আদেশ প্রদানের তারিখ হইতে ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে হাজির না হওয়ার কারণ উল্লেখপূর্বক পুনরায় আবেদন শুনানীর জন্য মহা-পরিচালকের নিকট আবেদন করিতে পারিবে;
(ঘ) অনুপস্থিতির কারণ যুক্তি সংগত হইলে মহা-পরিচালক আবেদনের বিষয়টি বিবেচনা করিবেন।

(৫) মহা-পরিচালক প্রয়োজনে গণশুনানীর পূর্বে বা পরেতিনি বা তার নিযুক্ত কর্মকর্তার মাধ্যমে অভিযোগের বিষয়টি সরেজমিন যাচাই করিতে পারিবেন।

৫। **নমুনা সংগ্রহের নোটিশ**।-ধারা ১১ এর বিধান মোতাবেক মহা-পরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট কারখানা বা প্রাঙ্গন বা স্থানের মালিক/দখলদার বা প্রতিনিধিকে ফরম-২ অনুসারে উক্ত কর্মকর্তার অভিপ্রায় সম্পর্কে নোটিশ প্রদান করিবেন। নোটিশ তাৎক্ষণিকভাবে প্রদান করা যাইবে। নমুনা সংগ্রহের ক্ষেত্রে উক্ত কর্মকর্তা ধারা ১১ এর উপ-ধারা (৩) এর বিধানসমূহ অনুসরণ করিবেন।

৬। **অবস্থানগত ও পরিবেশগত ছাড়পত্র প্রদানের উদ্দেশ্যে শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের শ্রেণীবিন্যাস**।- (১) অবস্থানগত ও পরিবেশগত ছাড়পত্র প্রদানের উদ্দেশ্যে পরিবেশের উপর প্রভাব বিস্তার এবং অবস্থান অনুযায়ী শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পসমূহ নিম্নবর্ণিত চারটি শ্রেণীতে বিন্যস্ত হইবে, যথা ঃ-

ক) সবুজ;
খ) হলুদ;
গ) কমলা এবং
ঘ) লাল

(২) উপ-বিধি (১) এ বর্ণিত শ্রেণীসমূহের অন্তর্ভুক্ত শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পসমূহের বিবরণ তফসিল-১ এ প্রদান করা হইয়াছে।

তবে, তফসিল-১ এ উল্লিখিত চার শ্রেণিতে অন্তর্ভুক্ত নহে এমন কোন শিল্প বা প্রকল্পের শ্রেণিকরণ ছাড়পত্র কমিটির সুপারিশের ভিত্তিতে মহাপরিচালক নির্ধারণ করিবেন। এছাড়াও, মহাপরিচালক শিল্প বা প্রকল্পের মানব পরিবেশ ও প্রাকৃতিক পরিবেশের উপর প্রভাব এবং প্রভাবের তাৎপর্য বিবেচনা করে বিদ্যমান শ্রেণি পরিবর্তন করিতে পারিবেন।

৭। **অবস্থানগত ছাড়পত্র ও পরিবেশগত ছাড়পত্র গ্রহণের বাধ্যবাধকতা**।-হলুদ, কমলা ও লাল শ্রেণীর নতুন শিল্প প্রতিষ্ঠান স্থাপন এবং প্রকল্প গ্রহণের পূর্বে প্রথমে অবস্থানগত ও পরবর্তিতে পরিবেশগত ছাড়পত্র গ্রহণ করিতে হইবে। সবুজ শ্রেণীর ক্ষেত্রে সরাসরি পরিবেশগত ছাড়পত্র প্রদান করা হইবে।

তবে শর্ত থাকে যে, অবস্থানগত ছাড়পত্র ব্যতিরেকে গ্যাস সংযোগ গ্রহণ করিতে পারিবে না এবং শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে পরীক্ষামূলক উৎপাদন ও অন্যান্য ক্ষেত্রে প্রকল্প চালু করিতে পারিবে না।

৮। **অবস্থানগত ও পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদনপত্র দাখিলের কার্যালয়**।- যে শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অনুকূলে পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন করিতে হইবে উহার অবস্থান যদি-

(১) পরিবেশ অধিদপ্তরের জেলা কার্যালয় আছে এমন কোন জেলায় হয় সেক্ষেত্রে আবেদনপত্র উক্ত জেলা কার্যালয়ে দাখিল করিতে হইবে;

(২) পরিবেশ অধিদপ্তরের জেলা কার্যালয় নাই এমন কোন জেলায় হয় সেক্ষেত্রে আবেদনপত্র সংশ্লিষ্ট অধিক্ষেত্রাধীন জেলা/বিভাগীয়কার্যালয়ে দাখিল করিতে হইবে;

(৩) কোন মহানগরে হয় সেই ক্ষেত্রে আবেদনপত্র সংশ্লিষ্ট মহানগর কার্যালয়ে দাখিল করিতে হইবে। মহানগরের জন্য আলাদা কার্যালয় না থাকলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা কার্যালয়ে দাখিল করিতে হইবে;

(৪) একই বিভাগের আওতাভুক্ত একাধিক জেলায় হয় সেইক্ষেত্রে আবেদনপত্র সংশ্লিষ্ট আঞ্চলিক/বিভাগীয় কার্যালয়ে দাখিল করিতে হইবে;

(৫) একাধিক বিভাগে বিস্তৃত হয় সেই ক্ষেত্রে আবেদনপত্র প্রধান কার্যালয়ে দাখিল করিতে হইবে;

৯। **অবস্থানগত ছাড়পত্র প্রদানের বিবেচ্য বিষয়সমূহ**।- কোন শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অবস্থানগত ছাড়পত্র প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করতে হবেঃ

(১) কোন শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অবস্থান এমনভাবে নির্বাচন করিতে হইবে যেন ইহা সরকারের কোন উন্নয়ন পরিকল্পনা বা নীতিমালা বা সিদ্ধান্তের পরিপন্থী না হয়।

(২) শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের অবস্থান তফসিল-১৪ এ বর্ণিত শিল্প বা প্রকল্পের অবস্থান নির্ধারণ বিষয়ে পালনীয় শর্তাবলীতে উল্লিখিত শর্তাদি পূরণ করিলেই কেবল অবস্থানগত ছাড়পত্র প্রদান প্রক্রিয়া শুরু করা হইবে।

তবে শর্ত থাকে যে, অধিদপ্তর হইতে অবস্থানগত ছাড়পত্র ব্যতীত কোন শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের জমি উন্নয়ন বা জমির শ্রেণী পরিবর্তন বা কোন প্রকার অবকাঠামো নির্মাণ করা যাইবে না।

১০। **সবুজ শ্রেণীর অবস্থানগত ও পরিবেশগত ছাড়পত্র প্রদান পদ্ধতি**।- (১) সবুজ শ্রেণীভুক্ত প্রত্যেক শিল্প বা প্রকল্পের উদ্যোক্তাকে একইসাথে অবস্থানগত ও পরিবেশগত ছাড়পত্রের জন্য ফরম ৩(ক) পূরণ করিয়া প্রয়োজনীয় দলিলপত্র ও বিবরণাদি সংযোজনপূর্বক তফসিল ১২ তে নির্ধারিত ফিসহ বিধি ৮-এ উল্লিখিত সংশ্লিষ্ট কার্যালয়ে আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদনপত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয় হইতে সরাসরি পরিবেশগত ছাড়পত্র প্রদান করা হইবে। কোন কারণে আবেদনপত্র নামঞ্জুর হইলে যথাযথ কারণ উল্লেখপূর্বক আবেদনকারীকে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

১১। **হলুদ শ্রেণীর অবস্থানগত ও পরিবেশগত ছাড়পত্র প্রদান পদ্ধতি**।- (১) হলুদ শ্রেণীভুক্ত প্রত্যেক শিল্প বা প্রকল্পের উদ্যোক্তাকে অবস্থানগত ও পরিবেশগত ছাড়পত্রের জন্য ফরম ৩(খ) পূরণ করিয়া তফসিল-১৪ তে বর্ণিত নির্দেশনার আলোকে তথ্যাদি, প্রাসঙ্গিক দলিলপত্র ও বিবরণাদি সংযোজন করিয়া তফসিল ১১ তে নির্ধারিত আবেদন প্রক্রিয়াকরণ ফিসহ বিধি-৮এ উল্লিখিত নির্দেশনা অনুযায়ী অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয়ে আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদনপত্র প্রাপ্তির পর সংশ্লিষ্ট কার্যালয় কর্তৃক শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প সরেজমিনে পরিদর্শন করা হইবে। পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অবস্থান এবং দাখিলকৃত কাগজপত্র সন্তোষজনক বিবেচিত হইলে ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয় হইতে উদ্যোক্তাকে তফসিল ১২-তে বর্ণিত নির্ধারিত ছাড়পত্র ফি গ্রহণ পূর্বক অবস্থানগত ছাড়পত্র প্রদান করা হইবে মর্মে পত্র দ্বারা অবহিত করিতে হইবে। কোন কারণে আবেদনপত্র নামঞ্জুর করা হইলে কারণ উল্লেখপূর্বক আবেদনকারীকে ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

(৩) অবস্থানগত ছাড়পত্র প্রাপ্তির পর শিল্প প্রতিষ্ঠান/প্রকল্প চালুর পূর্বে করনীয় সকল কার্যক্রম সম্পাদনের পর উদ্যোক্তা শিল্প প্রতিষ্ঠান/প্রকল্প চালুর লক্ষ্যে পরিবেশগত ছাড়পত্র প্রাপ্তির জন্য ছাড়পত্র প্রদানকারী কার্যালয় বরাবর পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন করিবেন। আবেদনপত্র প্রাপ্তির পর সংশ্লিষ্ট কার্যালয় কর্তৃক শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প সরেজমিনে পরিদর্শন করা হইবে। পরিদর্শন প্রতিবেদন, অবস্থানগত ছাড়পত্রের শর্তাবলী প্রতিপালন এবং দাখিলকৃত কাগজপত্র সন্তোষজনক বিবেচিত হইলে উদ্যোক্তাকে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে পরিবেশগত ছাড়পত্র প্রদান করা হইবে। তবে, পরিদর্শন প্রতিবেদনে বিরূপ পর্যবেক্ষণ থাকিলে সেই ব্যাপারে সংশোধনমূলক পদক্ষেপ গ্রহণের জন্য প্রতিবেদন প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে

উদ্যোক্তাকে লিখিতভাবে অবহিত করিতে হইবে। সংশোধনমূলক পদক্ষেপ গ্রহণে ব্যর্থ হইলে আবেদনপত্র নামঞ্জুর করা হইয়াছে মর্মে উদ্যোক্তাকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

১২। কমলা শ্রেণীর অবস্থানগত ও পরিবেশগত ছাড়পত্র প্রদান পদ্ধতি।- (১) কমলা শ্রেণীভুক্ত প্রত্যেক শিল্প বা প্রকল্পের উদ্যোক্তাকে অবস্থানগত ও পরিবেশগত ছাড়পত্রের জন্য ফরম ৩(গ) পূরণ করিয়া তফসিল-১৪ তে বর্ণিত নির্দেশনার আলোকে তথ্যাদি প্রাসঙ্গিক দলিলপত্র ও বিবরণাদি, প্রাথমিক পরিবেশগত সমীক্ষা (আইইই) প্রতিবেদন এবং তফসিল-১১ তে নির্ধারিত আবেদন প্রক্রিয়াকরণ ফিসহ বিধি-৮এ উল্লিখিত অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয়ে আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদনপত্র প্রাপ্তির পর সংশ্লিষ্ট কার্যালয় কর্তৃক শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের প্রস্তাবিত অবস্থান সরেজমিনে পরিদর্শন করা হইবে। পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অবস্থান এবং দাখিলকৃত কাগজপত্র সন্তোষজনক বিবেচিত হইলে ২১ (একুশ) কার্য দিবসের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয় হইতে উদ্যোক্তাকে তফসিল ১২-তে বর্ণিত নির্ধারিত ছাড়পত্র ফি গ্রহণ পূর্বক অবস্থানগত ছাড়পত্র প্রদান করা হইবে মর্মে পত্র দ্বারা অবহিত করিতে হইবে। কোন কারণে আবেদনপত্র নামঞ্জুর করা হইলে যথাযথ কারণ উল্লেখপূর্বক আবেদনকারীকে ২১ (একুশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

(৩) অবস্থানগত ছাড়পত্র প্রাপ্তির পর শিল্প প্রতিষ্ঠান/প্রকল্প চালুর পূর্বে করনীয় সকল কার্যক্রম সম্পাদনের পর উদ্যোক্তা শিল্প প্রতিষ্ঠান/প্রকল্প চালুর লক্ষ্যে পরিবেশগত ছাড়পত্র প্রাপ্তির জন্য ছাড়পত্র প্রদানকারী কার্যালয় বরাবর পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন করিবেন। আবেদনপত্র প্রাপ্তির পর সংশ্লিষ্ট কার্যালয় কর্তৃক শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প সরেজমিনে পরিদর্শন করা হইবে। পরিদর্শন প্রতিবেদন, অবস্থানগত ছাড়পত্রের শর্তাবলী প্রতিপালন এবং দাখিলকৃত কাগজপত্র সন্তোষজনক বিবেচিত হইলে উদ্যোক্তাকে ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে পরিবেশগত ছাড়পত্র প্রদান করা হইবে। তবে পরিদর্শন প্রতিবেদনে বিরূপ পর্যবেক্ষণ থাকিলে সেই ব্যাপারে অবহিতকরণ ও সংশোধনমূলক পদক্ষেপ গ্রহণের জন্য প্রতিবেদন প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে উদ্যোক্তাকে পত্র মারফত অবহিত করিতে হইবে। সংশোধনমূলক প্রদক্ষেপ গ্রহণে ব্যর্থ হইলে আবেদনপত্র নামঞ্জুর করা হইয়াছে মর্মে উদ্যোক্তাকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

১৩। লাল শ্রেণীর অবস্থানগত ও পরিবেশগত ছাড়পত্র প্রদান ও জনমত যাচাই পদ্ধতি।-

(১) অবস্থানগত ছাড়পত্রঃ

(ক) লাল শ্রেণীভুক্ত শিল্প বা প্রকল্পের উদ্যোক্তাকে অবস্থানগত ছাড়পত্রের জন্য ফরম ৩(ঘ) পূরণ করিয়া তফসিল-১৪ তে বর্ণিত নির্দেশনার আলোকে তথ্যাদি, প্রাসঙ্গিক দলিলপত্র ও বিবরণাদি, প্রাথমিক পরিবেশগত সমীক্ষা [Initial Environmenal Examination (IEE)] প্রতিবেদন, পরিবেশগত প্রভাব নিরূপণ [Environmental Impact Assessment (EIA)] এর কার্যপরিধি [(Terms Of Reference (TOR)] এবং তফসিল-১১তে নির্ধারিত আবেদন প্রক্রিয়াকরণ ফিসহ বিধি-৮এ উল্লিখিত অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয়ে আবেদন করিতে হইবে। আবেদনপত্র প্রাপ্তির পর ১৫(পনের) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয় কর্তৃক কর্তৃক প্রস্তাবিত স্থান সরেজমিনে পরিদর্শন এবং সংশ্লিষ্ট কাগজপত্র ও প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করিয়া পরবর্তী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে অবস্থানগত ছাড়পত্র প্রদানের যোক্তিকতা সম্পর্কে অভিমতসহ একটি প্রতিবেদন প্রধান কার্যালয়ের ছাড়পত্র কমিটিতে প্রেরণ করিবে।

(খ) উপ-বিধি(১) (ক)এর অধীনে প্রতিবেদনসহ আবেদন প্রাপ্তির ১৫(পনের) কার্যদিবসের মধ্যে প্রধান কার্যালয়ের ছাড়পত্র কমিটিশিল্প বা প্রকল্পের পরিবেশগত প্রভাব নিরূপণ[Environmental Impact Assessment (EIA)] প্রতিবেদনের কার্যপরিধি (TOR) অনুমোদন করিবে।

(গ) উপ-বিধি (১)(খ) এ উল্লিখিতঅনুমোদিত কার্যপরিধিঅনুসারে প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করিবার পর উদ্যোক্তাকে প্রধান কার্যালয়ের ছাড়পত্র কমিটির নিকট নিম্নোক্ত কাগজপত্রাদি দাখিল করিতে হইবেঃ

(অ) তফসিল-১৫ এর নির্দেশিকা, অনুমোদিত কার্যপরিধি ও প্রযোজ্যক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের ইআইএ নির্দেশিকা (EIA Guidelines)অনুসরণেতালিকাভুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের মাধ্যমে প্রণীত পরিবেশগত প্রভাব নিরূপণ প্রতিবেদন;

(আ) পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা;

(ই) পরিবেশগত ও সামাজিক প্রভাব নিরূপণ প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে);

(ঈ) দুর্ঘটনা ও দুর্যোগ মোকাবিলা সংক্রান্ত জরুরী পরিকল্পনা(প্রযোজ্য ক্ষেত্রে);

(উ) ক্ষতিগ্রস্তদের স্থানান্তর (Relocation) ও পুনর্বাসন (Rehabilitation & Resettlement) সংক্রান্ত পরিকল্পনা(প্রযোজ্য ক্ষেত্রে);

(ঊ) অনুমোদিত কার্যপরিধিতে উল্লিখিত শর্তাবলী ও নির্দেশনাসমূহের তামিল প্রতিবেদন;

(ঋ) জনমত যাচাই প্রতিবেদন।

(ঘ) উপ-বিধি (১)(গ) অনুসারে দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনাপূর্বক প্রধান কার্যালয়ের ছাড়পত্র কমিটি ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে শিল্প বা প্রকল্পটি অবস্থানগত ছাড়পত্র প্রদানের যোগ্য বলিয়া বিবেচিত হইলে লিখিতভাবে মহাপরিচালকের নিকটে সুপারিশ প্রদান করিবে। অত:পরমহা-পরিচালকের অনুমোদন গ্রহণপূর্বক সংশ্লিষ্ট কার্যালয় হইতে অবস্থানগত ছাড়পত্র প্রদান করা হইবে।

ছাড়পত্র প্রদানের বিষয়ে ছাড়পত্র কমিটির কোন আপত্তি থাকিলে উহা ৭ (সাত) কার্যদিবসের মধ্যে আবেদনকারীকে জানাইতে হইবে। আবেদনকারী আপত্তি নিরসনের জন্য সংশোধনমূলক পদক্ষেপ গ্রহণে ব্যর্থ হইলে আবেদনপত্র নামঞ্জুর করা হইয়াছে মর্মে তাহাকে পত্র দ্বারা অবহিত করিতে হইবে।

(২) জনমত যাচাই পদ্ধতিঃ

(ক) লাল শ্রেণীর শিল্প বা প্রকল্পের ক্ষেত্রে পরিবেশগত প্রভাব নিরূপণ (ইআইএ) সমীক্ষার গুরুত্বপূর্ণ অংশ হিসেবে উদ্যোক্তার নিজস্ব উদ্যোগে প্রকল্প এলাকায় পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয়ের কর্মকর্তাদের উপস্থিতিতে জনমত যাচাইয়ের ব্যবস্থা গ্রহণ করিবেন। তবে, বৃহদাকার ও বিশেষায়িত ধরনের প্রকল্পের ক্ষেত্রে উদ্যোক্তা আঞ্চলিক/জাতীয় পর্যায়েও জনমত যাচাইয়ের ব্যবস্থা গ্রহণ করিবেন। জনমত যাচাইয়ের তারিখ, সময় ও স্থান উল্লেখপূর্বক একটি প্রস্তাব বিধি-৯ তে উল্লিখিত পরিবেশ অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ সংশ্লিষ্ট কার্যালয়ে দাখিল করিতে হইবে।

(খ) জনমত যাচাই কার্যক্রমে প্রকল্প বা উদ্যোগের সাথে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সম্পর্কিত এবং এতদ্‌বিষয়ে জ্ঞান ও অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তি, গোষ্ঠী ও প্রতিষ্ঠানকে যথাসম্ভব সম্পৃক্ত করিবেন। জনমত যাচাইয়ের সময় উদ্যোক্তা কর্তৃক নিম্নলিখিত তথ্যাদি উপস্থাপন করিতে হইবেঃ

(অ) শিল্প/প্রকল্পের বর্ণনা (ভূমি অধিগ্রহণের তথ্যাদিসহ)

(আ) শিল্প/ প্রকল্পের আর্থ-সামাজিক প্রভাব(বাস্তুচ্যুতিসহ)

(ই) শিল্প/প্রকল্পের পরিবেশগত প্রভাব

(ঈ) পরিবেশগত ও আর্থ সামাজিক ক্ষতিকর প্রভাব প্রশমনের উপায়সমূহ (পুনর্বাসন পরিকল্পনাসহ)

(৩) পরিবেশগত ছাড়পত্রঃ

(ক) উপ-বিধি (১)(ঘ) এ উল্লিখিত অবস্থানগত ছাড়পত্র প্রাপ্তির পর সংশ্লিষ্ট উদ্যোক্তা তফসিল-১২ তে নির্ধারিত ছাড়পত্র ফি প্রদান করিবে। অত:পর শিল্প বা প্রকল্পের ভূমি উন্নয়ন, অবকাঠামো/স্থাপনা নির্মান, এলসি খোলা ইত্যাদি কার্যক্রম শুরু করিতে পারিবে মর্মে অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখা ফরম-৪ অনুসারে অনুমতি পত্র প্রদান করিবে।

(খ) উপ-বিধি (৩)(ক) এ উল্লিখিত অনুমতি প্রাপ্তির পরশিল্প প্রতিষ্ঠান/প্রকল্প চালুর পূর্বে করনীয় সকল কার্যক্রম সম্পাদনের পর উদ্যোক্তা শিল্প প্রতিষ্ঠান/প্রকল্প চালুর লক্ষ্যে পরিবেশগত ছাড়পত্র প্রাপ্তির জন্য সংশ্লিষ্ট কার্যালয়কে অবহিত রাখিয়া মহা-পরিচালকের নিকটআবেদন করিবেন। আবেদনপত্র প্রাপ্তির তারিখ হইতে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে প্রধান কার্যালয়ের ছাড়পত্র কমিটি প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক মহা-পরিচালকের নিকট কমিটির সভার কার্যবিবরণী পেশকরিবে। মহা-পরিচালক কর্তৃক অনুমোদিত কার্যবিবরণী ওয়েব সাইটে আপলোডের পর ইহার আলোকে সংশ্লিষ্ট কার্যালয় ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে প্রধান কার্যালয়কে অবহিত রাখিয়া কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক শিল্প প্রতিষ্ঠান/প্রকল্পের অনুকূলে পরিবেশগত ছাড়পত্র প্রদান করিবে এবং সংশ্লিষ্ট অন্যান্য সিদ্ধান্ত বাস্তবায়ন করিবে।

১৪। **অবস্থানগত ও পরিবেশগত ছাড়পত্রের মেয়াদ**।-(১) অবস্থানগত ও পরিবেশগত ছাড়পত্রের মেয়াদ ছাড়পত্র ইস্যুর তারিখ হইতে সবুজ শ্রেণীর ক্ষেত্রে ৫ (পাঁচ) বৎসর,হলুদ,কমলা ও লাল শ্রেণীর ক্ষেত্রে ১ (এক) বৎসর হইবে।

(২) প্রত্যেকটি ছাড়পত্রের মেয়াদ শেষ হইবার অন্ততঃ ৩০ (ত্রিশ) দিন পূর্বে উহা নবায়নের জন্য আবেদন করিতে হইবে। তবে অবস্থানগত ছাড়পত্র গ্রহণের পর পরিবেশগত ছাড়পত্র গ্রহণ না করা পর্যন্ত উপ-বিধি(১) এ উল্লিখিত মেয়াদ শেষ হইবার ৩০(ত্রিশ) দিন পূর্বে উহা নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

(৩) প্রকল্প বাস্তবায়ন সম্পন্ন না হওয়া পর্যন্ত প্রতি বছর ছাড়পত্র নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

১৫। অবস্থানগত/পরিবেশগত ছাড়পত্র নবায়নঃ (১) ছাড়পত্র নবায়নের আবেদনের জন্য উদ্যোক্তা ফরম-৫ পূরণ করিয়া তফসিল-১২ তে নির্ধারিত ছাড়পত্র নবায়ন ফিসহ বিধি-৮এ উল্লিখিত অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয়ে আবেদন করিতে হইবে।

(২) পরিবেশগত ছাড়পত্র না পাওয়া পর্যন্ত অবস্থানগত ছাড়পত্রে প্রদত্ত শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করা হইয়া থাকিলে সংশ্লিষ্ট কার্যালয় পরিদর্শনপূর্বক অবস্থানগত ছাড়পত্র নবায়ন করিবে। পরিবেশগত ছাড়পত্র প্রাপ্তির পর উক্ত ছাড়পত্রে প্রদত্ত শর্তাবলী প্রতিপালন ও দাখিলকৃত মনিটরিং রিপোর্টে বিধিমালায় বর্ণিত নির্ধারিত মানমাত্রা ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণযোগ্য হইলে সংশ্লিষ্ট কার্যালয় পরিদর্শন পূর্বক পরিবেশগত ছাড়পত্র নবায়ন করিবে।

১৬। ছাড়পত্র ব্যতিরেকে শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প পরিচালনার ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণঃ-(১) বিধি ৮ এ বর্ণিত ছাড়পত্র গ্রহণ ব্যতীত কোন শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প পরিচালিত হইতেছে বলিয়া কোন তথ্য পাওয়া গেলে মহাপরিচালক তাঁহাকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ প্রদানের জন্য ১০ (দশ) কার্যদিবস সময় দিয়া নোটিশ প্রদান করিবে। জবাব সন্তোষজনক না হইলে উক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের কার্যক্রম বন্ধ অথবা বিদ্যুৎ, পানি, গ্যাস ইত্যাদি সেবা সংযোগ বিচ্ছিন্ন করা অথবা অন্য যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

(২) উপবিধি (১) অনুসারে আইনগত ব্যবস্থা গ্রহণ করিবার পর শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প পুনরায় চালু করিতে হইলে মহা-পরিচালক বরাবর বিস্তারিত পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা (ইএমপি) প্রতিবেদন দাখিল করিতে হইবে এবং মহাপরিচালকের নির্দেশমতে উক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের দূষণ নিয়ন্ত্রণ যন্ত্রপাতি কিংবা ব্যবস্থাপনা পদ্ধতিতে এমন পরিবর্তন আনয়ন করিতে হইবে যাহাতে পরিবেশের কোন দূষণনা হয়। এই ক্ষেত্রে নির্ধারিত ছাড়পত্র সংশ্লিষ্ট ফি বকেয়াসহ সংশ্লিষ্ট কার্যালয়ে দাখিল পূর্বক পরিবেশগত ছাড়পত্র গ্রহণ করিতে হইবে।

(৩) শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প ছাড়পত্র ব্যতীত পরিচালিত হওয়ার সময়কালে পরিবেশের কোন ক্ষতি হইয়া থাকিলে মহাপরিচালক সেই ক্ষতি নিরূপণ করিয়া উহা আদায়ের ব্যবস্থা করিবেন।

(৪) শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের স্বত্বাধিকারী বা ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ধার্যকৃত ক্ষতিপূরন প্রদান কিংবা নির্দেশিত প্রতিকার প্রদানে ব্যর্থ হইলে মহাপরিচালক ৩০ (ত্রিশ) কার্যদিবসের নোটিশে কারখানার সকল কার্যক্রম বন্ধ করিয়া দিতে পারিবেন।

১৭। পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটির গঠন ও কর্ম পরিধি।-

(১) লাল শ্রেণীভুক্ত শিল্প বা প্রকল্পের ক্ষেত্রে পরিবেশগত প্রভাব নিরূপণ (EIA) সমীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি পরীক্ষা-নিরীক্ষাপূর্বক ছাড়পত্রের শর্তাবলী নির্ধারণসহ মহা-পরিচালককে প্রয়োজনীয় সুপারিশ প্রদানের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তরের প্রধান কার্যালয়ে একটি পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটি গঠিত হইবে। মহাপরিচালক কর্তৃক মনোনীত পরিচালক বা তদুর্দ্ধ পর্যায়ের একজন কর্মকর্তাকে আহ্বায়ক করিয়া অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে ন্যূনতম ৫ (পাঁচ) সদস্যের একটি পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটি গঠিত হইবে। উক্ত কমিটিতে বিবেচ্য শিল্প বা প্রকল্পের প্রভাব বিষয়ে এক বা একাধিক বিশেষজ্ঞ-কে কমিটির সভায় আমন্ত্রণ জানানো যাইবে।

পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটির কর্মপরিধি -

ক) কমিটির সভায় যে সকল প্রতিষ্ঠানের রিপোর্ট পর্যালোচিত হইবে সে সকল প্রতিষ্ঠানের বিশেষজ্ঞ প্রতিনিধিকে কমিটির সভায় প্রয়োজনে উপস্থিত থাকিতে অনুরোধ জানানো যাইবে।

খ) লাল তালিকাভুক্ত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে কমিটি সদস্য ছাড়াও আইইই/ইআইএ/ইএমপি রিপোর্ট পর্যালোচনার সময় কমিটির সভায় এক বা একাধিক বিশেষজ্ঞকে আমন্ত্রণ জানানো যাইবে।

গ) কমিটি প্রয়োজনে অধিদপ্তরের যে কোন কর্মকর্তাকে কমিটির সদস্য হিসেবে কোঅপ্ট করিতে পারিবে।

ঘ) কমিটি বিবেচনাধীন যে কোন শিল্প প্রতিষ্ঠান/প্রকল্পের সাইট পরিদর্শন করিতে পারিবে।

ঙ) মহা-পরিচালক কর্তৃক কার্যবিবরণী অনুমোদিত হওয়ার পর কমিটির সিদ্ধান্ত সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয় সদর দপ্তরকে অবহিত করিতে হইবে এবং তা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রদর্শন করিতে হইবে।

(২) কমলা শ্রেণীভুক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের ক্ষেত্রে আঞ্চলিক বা বিভাগীয় বা মহানগর কার্যালয়ে এবং হলুদ ও সবুজ শ্রেণীভুক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের জন্য জেলা কার্যালয়ে ছাড়পত্র কমিটি গঠিত হইবে। মহা-পরিচালকের নির্দেশনার আলোকে সংশ্লিষ্ট কার্যালয়ের প্রধান বর্ণিত ছাড়পত্র কমিটির গঠন সংক্রান্ত অফিস আদেশ জারী করিবে।

(৩) উপধারা ১ ও ২ এর অধীন গঠিত ছাড়পত্র কমিটি প্রকল্প ও কলকারখানার ধরন ও বৈশিষ্ট্য বিবেচনা পূর্বক ছাড়পত্রের আবশ্যকিয় শর্তাদি নির্ধারণ করিতে পারিবে।

১৮। **অবস্থানগত ও পরিবেশগত ছাড়পত্র হস্তান্তর**।– কোন আবেদনকারীর অনুকূলে প্রদত্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অবস্থানগত বা পরিবেশগত ছাড়পত্র ইহার মেয়াদ কালের মধ্যে অন্য কোন বৈধ ব্যক্তি যিনি উক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প গ্রহণের আইনগত অধিকারী তাহার নিকট, দাতা বা গ্রহীতার লিখিত আবেদনক্রমে এবং মহাপরিচালকের অনাপত্তি সাপেক্ষে হস্তান্তর করা যাইবে। এই ক্ষেত্রে ছাড়পত্রের শর্ত এবং মেয়াদের কোন পরিবর্তন হইবে না।

১৯। **আপিল দায়ের**।-(১) ধারা ১৪ এর অধীনে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে দায়েরকৃত আপিল আবেদনে আপীল দায়েরের কারণ ও প্রস্তাবিত প্রতিকার বিষয়ে সংক্ষেপে স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে। লিখিতভাবে আপিল আবেদনকরিতে হইবে।তফসিলে অন্তর্ভুক্ত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের পরিবেশগত ছাড়পত্রবিহীন এবং হালনাগাদ নবায়নবিহীন শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প আপিল করিতে পারিবে না।

(২) আপীলআবেদনের সহিত নিম্নবর্ণিত কাগজপত্র থাকিতে হইবে, যথা ঃ-

(অ) যে নোটিশ, আদেশ বা নির্দেশের বিরুদ্ধে আপীল করা হইবে উহার অনুলিপি;

(আ) পরিবেশগত ছাড়পত্রের অনুলিপিএবং হালনাগাদ নবায়নের অনুলিপি;

(ই) আপীল ফি বাবদ পাঁচ হাজার টাকা (অফেরত যোগ্য) জমা প্রদানের প্রমাণস্বরূপ ট্রেজারী চালান;

(ঈ) আইনের ধারা ৭ এর আওতায় ধার্যকৃত ক্ষতিপূরণের আদেশের বিরুদ্ধে আপিল দায়ের করা হইলে ধার্যকৃত অর্থের ২৫% ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিতে হইবে;

(উ) দূষণ সংশ্লিষ্ট কার্যক্রম বন্ধ রহিয়াছে মর্মে লিখিত অঙ্গীকারনামা;

(ঊ) আপীলের সহিত সম্পর্কযুক্ত অন্যান্য কাগজপত্রাদি।

২০। **আপিল কর্তৃপক্ষ কর্তৃক অনুসরণীয় পদ্ধতি**।- (১) আপিল কর্তৃপক্ষ আপিল আবেদন প্রাপ্তির পর আপিল শুনানীর জন্য একটি দিন ধার্য করিয়া প্রতিপক্ষের প্রতি নোটিশ জারী করিবেন। শুনানীর ক্ষেত্রে আপিল আবেদনের ক্রম অনুসরণ করিতে হইবে।

(২) অধিদপ্তরের যে নোটিশ, আদেশ বা নির্দেশের বিরুদ্ধে আপিল দায়ের করা হইয়াছে, মহাপরিচালক ওসেই কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা বরাবরে আপিলের কপিসহ নোটিশ প্রেরণ করিতে হইবে।

(৩) আপিল কর্তৃপক্ষ আপিল নিষ্পত্তির সুবিধার্থে প্রয়োজনীয় সকল কাগজ, তথ্যাদি যে কোন সময় আপিলকারী বা প্রতিপক্ষের নিকট হইতে তলব করিতে পারিবেন।

(৪) আপিলের চূড়ান্ত আদেশে ক্ষতিপূরণ ধার্য করা হইলে উহা পরিশোধের পদ্ধতি ও সময়সীমা সুনির্দিষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

(৫) আপিল প্রক্রিয়া চলাকালে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক কোন পরিবেশ দূষণ করা যাইবে না। আপিল চলাকালে পরিবেশ দূষণ সংক্রান্ত নতুন কোন অপরাধ সংঘটিত হইলে তাহার বিরূদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ বারিত হইবে না।

(৬) আইনের ধারা ৭ অনুযায়ী শুনানী নোটিশের বিরুদ্ধে আপিল করা হইলে সে ক্ষেত্রে আপিল কর্তৃপক্ষ নোটিশটি বাতিল করিবেন অথবা আপিলকারীকে নোটিশ প্রদানকারী কর্তৃপক্ষের নিকট হাজির হওয়ার নির্দেশ প্রদান করিবেন।

২১। **আপিল শুনানী**।- (১) শুনানীর জন্য নির্ধারিত তারিখে, অথবা শুনানী মূলতবী হইলে পরবর্তী তারিখে আপীলের সমর্থনে আপিলকারীর বক্তব্য শ্রবণ করা হইবে।

(২) শুনানীর জন্য ধার্য তারিখে অথবা শুনানী মুলতবী হইলে পরবর্তী তারিখে যদি আপিলকারী হাজির না হন, তাহা হইলে আপীল কর্তৃপক্ষ আপিল খারিজের আদেশ দান করিবেন।

(৩) যদি আপীলকারী হাজির হন, কিন্তু প্রতিপক্ষ হাজির না হন তবে একতরফাভাবে আপীলের শুনানী হইবে।

(৪) উপ-বিধি (২) অনুসারে আপিল খারিজ হইলে আপিলকারী উক্ত খারিজের আদেশ প্রদানের তারিখ হইতে ২১ (একুশ) কার্যদিবসের মধ্যে অনুপস্থিতির কারণ উল্লেখ করিয়া পুনরায় আপীল মঞ্জুরের জন্য আপিল কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে পারিবেন।

(৫) শুনানীর পর আপিল কর্তৃপক্ষের নিকট যুক্তিযুক্ত বিবেচিত হইলে নোটিশ, আদেশবা নির্দেশ অনুমোদন, রদবদল বা বাতিল করিতে পারিবেন।

(৬) আপীল কর্তৃপক্ষ তাহার সিদ্ধান্তের অনুকূলে কারণ লিপিবদ্ধ করিবেন এবংআপীলকারী কী প্রতিকার প্রাপ্য হইবেন উহাউল্লেখকরিবেন।

(৭) আপীল আদেশের কপি যথাশীঘ্র আপিলকারী, অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয় এবং মহা-পরিচালক বরাবরে প্রেরণ করিবে।

২২। **পরিবেশ নির্দেশিকা অনুসরণ**।- ধারা ১৩ এর উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক প্রণীত এবং সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা জারীকৃত পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ ও প্রশমন এবং পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন সংক্রান্ত সকল নির্দেশিকা প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণ করতে হবে।

২৩। **পরিবেশগত মানমাত্রা নির্ধারণ**।-ধারা ২০ এর উপ-ধারা (২) এর দফা (ক) এর উদ্দেশ্যপূরণকল্পে বায়ু, পানি, বর্ণ এবং ঘ্রাণসহ পরিবেশের অন্যান্য উপাদানের মানমাত্রা তফসিল- ২, ৩এবং ৬ এ উল্লিখিত মানমাত্রার ভিত্তিতে নির্ধারিত হইবে। শব্দের মানমাত্রা শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০০৬ এর বিধান অনুসারে নির্ধারিত হইবে।

২৪। **বর্জ্য নিঃসরণ ও নির্গমনের মানমাত্রা**।- **(১)** ধারা ২০ এর উপ-ধারা (২) এর দফা (ঙ) এর উদ্দেশ্য পূরণকল্পে তরল বর্জ্য নির্গমন এবং গ্যাসীয় নিঃসরণের পরিসীমা তফসিল- ৪,৫,৬,৭,৮ ও ৯ এবং শিল্প শ্রেণীভিত্তিক বর্জ্য নিঃসরণ বা নির্গমন এর মানমাত্রা তফসিল-১০ এ উল্লিখিত মানমাত্রার ভিত্তিতে নির্ধারিত হইবে।

(২) কোন শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অপরিশোধিত বা পরিশোধিত তরল বর্জ্য উৎপাদনের সময় কিংবা উৎপাদন পরবর্তী সময়ে লঘু করা যাইবে না। তবে শর্ত থাকে যে, শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের আবেদনক্রমে এবং মহাপরিচালক যদি উপযুক্ত মনে করেন, তাহা হইলে উপযুক্ত শর্তসাপেক্ষে তিনি শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের তরল বর্জ্য লঘুকরণের অনুমতি প্রদান করিতে পারিবেন।

(৩) **তরল বর্জ্য বিশ্লেষণ**।- শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের তরল বর্জ্য American Public Health Association, American Water Works Association এবং Water Environment Federation কর্তৃক যৌথভাবে প্রকাশিত 'Standard Methods for the Examination of Water and Wastewater' এ বর্ণিত পদ্ধতিতে বিশ্লেষণ করিতে হইবে।

২৫। **ছাড়পত্রের আবেদন প্রক্রিয়াকরণ ফি**।-(১) এই বিধিমালার অধীনে পরিবেশগত ছাড়পত্রের আবেদন প্রক্রিয়াকরণ ফি তফসিল ১২ অনুযায়ী প্রদেয় হইবে।

(২) অর্থ মন্ত্রণালয়ের সম্মতিক্রমে মন্ত্রণালয় কর্তৃক প্রজ্ঞাপন জারীর মাধ্যমে তফসিল-১১ এ বর্ণিত ফি পুন:নির্ধারন করিতে পারিবে।

২৬। **পরিবেশগত ছাড়পত্র এবং ছাড়পত্র নবায়ন ফি**।-**(১)** এই বিধিমালার অধীন পরিবেশগত ছাড়পত্র এবং ছাড়পত্র নবায়ন ফি তফসিল-১১ অনুযায়ী প্রদেয় হইবে।

(২) অর্থ মন্ত্রণালয়ের সম্মতিক্রমে মন্ত্রণালয় কর্তৃক প্রজ্ঞাপন জারীর মাধ্যমে তফসিল-১২ এ বর্ণিত ফি পুন:নির্ধারন করিতে পারিবে।

২৭। **বিভিন্ন সেবা ও উহার ফি**।-(১) কোন ব্যক্তি বা সংস্থার আবেদনক্রমে অধিদপ্তর কর্তৃক পানি,তরল বর্জ্য, বায়ু ও শব্দের নমুনা বিশ্লেষণ এবং বিশ্লেষণজাত তথ্য ও উপাত্ত সরবরাহ করা হইবে।

(৩) উপ-বিধি (১) এ উল্লিখিত সেবার জন্য তফসিল-১৩ এ নির্ধারিত ফি প্রদান করিতে হইবে।

(৪) অর্থ মন্ত্রণালয়ের সম্মতিক্রমে মন্ত্রণালয় কর্তৃক প্রজ্ঞাপন জারীর মাধ্যমে তফসিল-১৩ এ বর্ণিত ফি পুন:নির্ধারন করিতে পারিবে।

২৮। **ফি প্রদানের পদ্ধতি**।-এই বিধিমালার অধীন প্রদেয় বিভিন্ন ফি মহাপরিচালকের অনুকূলে ট্রেজারী চালানের মাধ্যমে সরকার নির্ধারিত খাতে বাংলাদেশ ব্যাংক অথবা সরকারী ট্রেজারীতে কিংবা সরকার অনুমোদিত অন্য কোন মাধ্যমে জমা দিতে হইবে এবং ফি দাখিলের প্রমাণপত্র আবেদন পত্রের সহিত সংযুক্ত করিতে হইবে।

২৯। **পরিবেশগত ক্ষয়ক্ষতি নিরূপণ ও ক্ষতিপূরণ আদায়**।-(১) দায়ী ব্যক্তি বা প্রতিষ্ঠান ধার্যকৃত ক্ষতিপূরণের ২৫% অর্থ তাৎক্ষণিকভাবে ট্রেজারী চালান/পে-অর্ডার অথবা সরকার অনুমোদিত অন্য কোন মাধ্যমে পরিবেশ অধিদপ্তরের অনুকূলে

পরিশোধ করিবে এবং অবশিষ্ট ৭৫% অর্থ অধিদপ্তর কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে পরিশোধ করিতে হইবে; অন্যথায়, ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

(২) উপ-বিধি (১) এর আওতায় ক্ষতিপূরণ ধার্যের পাশাপাশি দূষণ নিয়ন্ত্রণ না হওয়া পর্যন্ত দায়ী ব্যক্তি বা প্রতিষ্ঠানের কার্যক্রম বন্ধ করাযাইবে। এই ক্ষেত্রে দূষণ নিয়ন্ত্রণের জন্য সুনির্দিষ্ট সময়সীমা উল্লেখ করিয়া দিতে হইবে।

৩০। **প্রাথমিক পরিবেশগত পরীক্ষণ (আইইই)সমীক্ষা, পরিবেশগত প্রভাব নিরূপণ (ইআইএ) সমীক্ষা, সামাজিক প্রভার নিরূপণ (এসআইএ) সমীক্ষা, পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা (ইএমপি) প্রতিবেদন প্রণয়নের জন্য যোগ্য ব্যক্তি এবং সংস্থার তালিকাভুক্তি**।- (১) আইনের ধারা ১২ (৫) অনুসারে শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের প্রাথমিক পরিবেশগত পরীক্ষণ (আইইই) সমীক্ষা, পরিবেশগত প্রভাব নিরূপণ (ইআইএ) সমীক্ষা, পরিবেশগত ব্যবস্থাপনা পরিকল্পনা (ইএমপি) প্রতিবেদন প্রণয়নের জন্য যোগ্য ব্যক্তি এবং সংস্থাকে (যা পরামর্শক বা বিশেষজ্ঞ নামে অভিহিত হবে) অধিদপ্তরের নিকট তালিকাভুক্ত হইতে হইবে। উল্লিখিত তালিকাভুক্তিকরণ প্রক্রিয়া নিম্নরূপ হইবেঃ

(ক) কোন ব্যক্তি, সরকারী কিংবা বেসরকারী সংস্থা, স্বত্বাধিকারী ফার্ম, কোম্পানী, গবেষণা প্রতিষ্ঠানসমূহকে আইইই/ ইআইএ সমীক্ষা পরিচালনা বা ইএমপি প্রতিবেদন প্রণয়ণের জন্য নিম্নলিখিত চারটি শ্রেণিতে তালিকাভুক্তির জন্য বিবেচনা করা হইবেঃ

(অ) পরিবেশ পরামর্শক (ব্যক্তি)
(আ) পরিবেশ পরামর্শক (প্রতিষ্ঠান)
(ই) বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ

(খ) (অ) পরামর্শ/বিশেষজ্ঞের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা।

শ্রেণী	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
পরিবেশ পরামর্শক (ব্যক্তি)	বিজ্ঞান বা প্রকৌশলের যে কোন বিষয়ে স্নাতক (সম্মান) অথবা স্নাতক ডিগ্রী।	ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের ইআইএ সমীক্ষার অভিজ্ঞতা এবং ইআইএ সমীক্ষার সাথে সম্পৃক্ততা।
বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ	বিজ্ঞান বা প্রকৌশলের সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী।	পরিবেশগত প্রভাব নিরূপণ (ইআইএ) সমীক্ষার ক্ষেত্রসমূহের এক বা একাধিক বিষয়ে কাজের ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা।

(আ) পরিবেশ পরামর্শক প্রতিষ্ঠানের তালিকাভুক্তির বিবেচ্য বিষয়সমূহঃ

(অ) একটি স্থায়ী কার্যালয়, নিবন্ধন, টিইএন নম্বর এবং ব্যাংক হিসাব।

(আ) ন্যূনতম একজন নিয়মিত বেতনভুক্ত পরিবেশ পরামর্শক যিনি পরিবেশ অধিদপ্তরে তালিকাভুক্ত।

(ই) প্রতিষ্ঠানের সহিত চুক্তিবদ্ধ ন্যূনতম তিনজন বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ যারা পরিবেশ অধিদপ্তরে তালিকাভুক্ত।

(ই) পরিবেশগত প্রভাব নিরূপণ (ইআইএ) সমীক্ষার ক্ষেত্রসমূহঃ প্রতিবেশ ও জীববৈচিত্র্য, বায়ুমান, ভূমি ব্যবহার পরিকল্পনা, জলমান, বর্জ্য ব্যবস্থাপনা, সাধারণ পরিবেশ ব্যবস্থাপনা, ভূ-তত্ত্ব ও মৃত্তিকা, মাইনিং, শব্দ ও ভাইব্রেশন, ভূগর্ভস্থপানি ও হাইড্রোলজি, সামাজিক প্রভার নিরূপন, ঝুঁকি ব্যাবস্থাপনা (risk management), স্বাস্থ্যগত প্রভাব নিরূপন ইত্যাদি।

(খ) পরিবেশ পরামর্শ/বিশেষজ্ঞের তালিকাভুক্তির আবেদন প্রক্রিয়ার বিষয়ে অধিদপ্তর একটি নির্দেশিকা প্রণয়ন করিবে।

(গ) তালিকাভুক্তির জন্য আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের আবেদন বাছাইঃ

পরিবেশ পরামর্শ/বিশেষজ্ঞের তালিকাভুক্তির জন্য আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের আবেদনসমূহ যাচাই-বাছাই করার জন্য নিম্নরূপ একটি কমিটি গঠন করা হইবে। উক্ত কমিটি তালিকাভুক্তির আবেদনসমূহ মূল্যায়নপূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য অধিদপ্তরের মহাপরিচালকের নিকট পেশ করবেন। কমিটির গঠন হইবে নিম্নরূপঃ

১)	পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটির আহ্বায়ক	আহ্বায়ক
২)	পরিবেশ অধিদপ্তর সদর দপ্তরের পরিচালক (ছাড়পত্র)	সদস্য
৩)	সরকারী প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের এর একজন অধ্যাপক	সদস্য
৪)	সরকারী বিশ্ববিদ্যালয়ের পরিবেশ বিজ্ঞানের একজন অধ্যাপক	সদস্য
৫)	পানিসম্পদ পরিকল্পনা সংস্থা-এর প্রতিনিধি	সদস্য
৬)	পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তরের উপ-পরিচালক (ইআইএ)	সদস্য
৭)	পরিবেশগত ছাড়পত্র কমিটির সদস্য-সচিব	সদস্য-সচিব

(ঘ) তালিকাভুক্তির মেয়াদ। তালিকাভুক্তির মেয়াদ ০৩ (তিন) বছরের জন্য হইবে।

(ঙ) তালিকাভুক্তি নবায়ন। তালিকাভুক্তি নবায়নের আবেদনের পরিপ্রেক্ষিতে যে সকল বা প্রতিষ্ঠান পূর্ববর্তী তিন বছরে কমপক্ষে ০৫ (পাঁচ) টি ইআইএ সমীক্ষা সম্পন্ন কেবল তাহাদের আবেদনসমূহ নবায়ন করা হইবে।

(চ) তালিকাভুক্তির ফিঃ

শ্রেণী	আবেদন ফি (টাকা)	তালিকাভুক্তিকরণ ফি (টাকা)	তালিকাভুক্তিকরণ নবায়ন ফি (টাকা)
পরিবেশ পরামর্শক (ব্যক্তি)	৫০০	৫,০০০	২,০০০
পরিবেশ পরামর্শক (প্রতিষ্ঠান)	১,০০০	১০,০০০	৫,০০০
বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ	৫০০	৫,০০০	২,০০০

(অ)সকল প্রকার ফি মহা-পরিচালক, পরিবেশ অধিদপ্তর এর অনুকূলে ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিতে হইবে।

(আ) পরামর্শক তালিকাভুক্তির আবেদন পত্রের সাথে আবেদন ফি জমা দিতে হইবে।

(ই)পরিবেশ অধিদপ্তর কর্তৃক চূড়ান্তভাবে পরামর্শক হিসেবে তালিকাভুক্তির জন্য নির্বাচিত হওয়ার পত্র প্রাপ্তির তালিকাভুক্তির ফি জমা দিতে হইবে।

(ঈ) তালিকাভুক্ত হওয়ার পর ৪র্থ বৎসর শুরুর পূর্বেই বাৎসরিক নবায়ন ফি জমা দিতে হইবে।

(ছ) তালিকাভুক্তির আবেদন স্থগিত বা বাতিলকরণঃ

ত্রুটিপূর্ণ, অসত্য বা অসম্পন্ন তথ্য প্রদান করলে, তালিকাভুক্তির বিধি বা নির্দেশিকার চাহিদা মোতাবেক যোগ্যতা না থাকলে এবং উদ্যোক্তার নিকট হইতে অনৈতিক সুবিধা গ্রহন করলে তালিকাভুক্তির জন্য গঠিত কমিটি পরিবেশ পরামর্শ/বিশেষজ্ঞের তালিকাভুক্তির আবেদন স্থগিত বা বাতিল করিতে পারিবেন এবং ইতোমধ্যে তালিকাভুক্ত পরিবেশ পরামর্শ /বিশেষজ্ঞকে তালিকা বহির্ভুত করার জন্য মহা-পরিচালককে সুপারিশ করবেন।

(২)উপ-বিধি(১) অনুযায়ী প্রস্তুতকৃত তালিকা মহা-পরিচালকের অনুমোদনের পর এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারী করা হইবে। উপ-বিধি-(১) এর দফা (গ) এর দ্বারা গঠিত কমিটির সুপারিশের আলোকে মহা-পরিচালক সময় সময় উক্ত তালিকা হালনাগাদ করিতে পারিবেন।

৩১। **রহিতকরণ ও হেফাজত**।- (১) পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত রহিতকরণ সত্ত্বেও উক্ত বিধিমালার অধীনে সূচিত কার্যাবলী এমনভাবে নিস্পন্ন করা যাইবে যেন এই বিধিমালা জারী করা হয় নাই।

ফরম-১
প্রতিকার প্রার্থনার আবেদনপত্র

[বিধি ৫(১) দ্রষ্টব্য]

মহা-পরিচালক
পরিবেশ অধিদপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ই-১৬, আগারগাঁও, ঢাকা-১২০৭।

প্রেরক
.....
.....
.....

মহোদয়,

আমি পরিবেশ দূষণ বা পরিবেশের অবক্ষয়জনিত কারণে একজন ক্ষতিগ্রস্ত অথবা সম্ভাব্য ক্ষতির আশংকাগ্রস্ত ব্যক্তি হিসাবে, বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ধারা ৮ এর উপ-ধারা (১) এর আওতায় পরিবেশের ক্ষতি অথবা পরিবেশের ক্ষতির আশংকা সম্পর্কে প্রতিকার প্রার্থনা করিতেছি ঃ-

১। পরিবেশ দূষণ বা পরিবেশের অবক্ষয়জনিত কারণে ক্ষতিগ্রস্ত বা সম্ভাব্য ক্ষতির আশংকাগ্রস্তব্যক্তি/ব্যক্তিবর্গের/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :
২। ক্ষতিগ্রস্ত হওয়ার কারণ:
৩। ক্ষতিগ্রস্ত হওয়ার স্থান:
৪। ক্ষতির/সম্ভাব্য ক্ষতির বিবরণ:
৫। ক্ষতির সময়:
৬। ক্ষতি ঘটানোর সহিত সংশ্লিষ্ট ব্যক্তি/ব্যক্তিবর্গ/প্রতিষ্ঠান, ইত্যাদির নাম ও ঠিকানা:
৭। প্রার্থিত প্রতিকার:

তারিখ ঃ ..... স্বাক্ষর ঃ .....

ফরম-২

নমুনা সংগ্রহ সম্পর্কিত অভিপ্রায় নোটিশ

[বিধি ৬ দ্রষ্টব্য]

নং .....তারিখঃ.....

প্রতি
মেসার্স .....
.....
.....

যেহেতু আপনার শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের *** ..... হইতে কঠিনবর্জ্য/বর্জ্যপানি/গ্যাসীয় নিঃসরণ/মাটি/যে কোন দূষক বিশ্লেষণের জন্য .....তারিখ ..... ঘটিকায় সংশ্লিষ্ট বর্জ্য পদার্থের নমুনা সংগ্রহ করা প্রয়োজনীয় ও আবশ্যক;সেহেতু নমুনা সংগ্রহের তারিখে আপনাকে/আপনার উপযুক্ত প্রতিনিধিকে শিল্প প্রতিষ্ঠান অথবা প্রকল্পে উপস্থিত থাকিয়া নমুনা সংগ্রহে সহযোগিতা প্রদান এবং সংগৃহীত নমুনার পত্রে স্বাক্ষর দানেরজন্য আপনাকে এতদ্বারা অভিপ্রায় নোটিশ প্রদান করা হইল।

নমুনাসংগ্রহকারী কর্মকর্তার স্বাক্ষর
নাম -
পদবী-

*** ঃ বর্জ্যপ্রবাহ, ষ্ট্যাক ইত্যাদি, যে সূত্র হইতে নমুনাসংগ্রহ করা হইবে উহার বিবরণ।

ফরম-৩ (ক)

অবস্থানগত ও পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদনপত্র

(সবুজ শ্রেণীভুক্ত প্রতিষ্ঠান বা প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য)

[বিধি ১১ (১) দ্রষ্টব্য]

মহা-পরিচালক/পরিচালক/উপ-পরিচালক
পরিবেশ অধিদপ্তর,
প্রধান কার্যালয়/..... বিভাগীয় কার্যালয়/ ..... আঞ্চলিক কার্যালয়/.....মহানগর কার্যালয়/..... জেলা কার্যালয়
জনাব,

আমি আমার প্রস্তাবিত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প অথবা বিদ্যমান শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের জন্য নিম্নে প্রদত্ত তথ্যাদিসহ কাগজপত্র জমা দিয়া পরিবেশগত ছাড়পত্র প্রদানের জন্য আবেদন করিতেছি।

১। শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের নাম ঃ
   (ক) শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের অবস্থানগত ঠিকানা ঃ
   (খ) অফিসের বর্তমান ঠিকানা ঃ

২। (ক) প্রস্তাবিত শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প ঃ
      (অ) সম্ভাব্য প্রকল্প ব্যয় ঃ
      (আ) জায়গার পরিমান ঃ
      (ই) নির্মাণ শুরুর সম্ভাব্য তারিখ ঃ
      (ঈ) নির্মাণ সমাপ্তির সম্ভাব্য তারিখ ঃ
   (শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে পরীক্ষামূলক উৎপাদন ও অন্যান্য ক্ষেত্রে প্রকল্প চালু হইবার সম্ভাব্য তারিখ)
   (খ) বিদ্যমান শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্প ঃ
      (অ) শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে পরীক্ষামূলক উৎপাদন শুরুর ও অন্যান্য ক্ষেত্রে প্রকল্প চালু হইবার তারিখ ঃ
      (আ) বিনিয়োগ ব্যয় ঃ

৩। উৎপন্ন দ্রব্যের নাম ও পরিমাণ (দৈনিক/মাসিক/বার্ষিক) ঃ

৪। (ক) কাঁচামালের নাম ও পরিমাণ (দৈনিক/মাসিক/বার্ষিক) ঃ
   (খ) কাঁচামালের উৎস ঃ
   (গ) কাঁচামাল পরিবহন এবং রক্ষণ ব্যবস্থা ঃ

৫। (ক) দৈনিক পানি ব্যবহারের পরিমাণ ঃ
   (খ) পানির উৎস ঃ

৬। (ক) জ্বালানীর নাম ও পরিমাণ (দৈনিক/মাসিক/বার্ষিক) ঃ
   (খ) জ্বালানীর উৎস ঃ
   (গ) সম্ভাব্য বিদ্যুৎ ব্যবহারের পরিমাণ (কিলোওয়াট ঘন্টায়) এবং বিদ্যুতের উৎস ঃ

৭। দাগ, খতিয়ান উল্লেখপূর্বক মৌজা ম্যাপ ঃ

৮। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ/চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/খুলনাউন্নয়ন কর্তৃপক্ষ/রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ/স্থানীয় কর্তৃপক্ষ এর অনুমতিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

